# সহীহ ইবনু হিব্বান (হাদিসবিডি)

হাদিস নাম্বারঃ ৫৪৩

৬. সদাচারণ ও ন্যায়নিষ্ঠতা সংশ্লিষ্ট কিতাব (كِتَابُ الْبِرِّ وَالْإِحْسَانِ)

পরিচ্ছেদঃ যে ব্যক্তি কোন প্রাণীকে পানি পান করায়, মহান আল্লাহ তাকে প্রতিদান দিবেন

ذِكْرُ إِعْطَاءِ اللَّهِ جَلَّ وَعَلَا الْأَجْرَ لِمَنْ سَقَى كُلَّ ذَاتِ كَبِدٍ حَرَّى

## আরবী

أَخْبَرَنَا ابْنُ قُتَيْبَةَ قَالَ: حَدَّثَنَا حَرْمَلَةُ قَالَ: حَدَّثَنَا ابْنُ وَهْبٍ قَالَ: أَخْبَرَنَا يُونُسُ عَنِ ابْنِ شِهَابٍ عَنْ مَحْمُودِ بْنِ الرَّبِيعِ أَنَّ سراقة بن جعشم قال: يارسول اللَّهِ الضَّالَّةُ تَرِدُ عَلَى حَوْضِي فَهَلْ فِيهَا أَجْرٌ إِنْ سَقَيْتُهَا؟ قَالَ: (اسْقِهَا فَإِنَّ فِي كل ذات كبد حَرَّى أجر.)

الراوي : مَحْمُودِ بْنِ الرَّبِيعِ | المحدث : العلامة ناصر الدين الألباني | المصدر : التعليقات الحسان على صحيح ابن حبان

الصفحة أو الرقم: 543 | خلاصة حكم المحدث: صحيح.

## বাংলা

৫৪৩. মাহমূদ বিন রাবী‘ রাদ্বিয়াল্লাহু আনহু থেকে বর্ণিত, তিনি বলেন, সুরাকাহ বিন জু‘শুম রাদ্বিয়াল্লাহু আনহু বলেন, “হে আল্লাহর রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম, হারানো উট আমার পানির হাওযে আসে, আমি যদি সেটিকে পানি পান করাই, তবে কি আমার সাওয়াব হবে?” রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম বলেন: “তুমি তাকে পানি পান করাবে। কেননা প্রতিটি জীবনধারী প্রাণীতে সাওয়াব আছে।”[1]

## ফুটনোট

[1] মুসনাদ আহমাদ: ৪/১৭৫; ইবনু মাজাহ: ৩৬৮৬; তাবারানী, আল কাবীর: ৬৫৯৮; হাকিম: ৩/৬১৯; মুসান্নাফ আব্দুর রাযযাক: ১৯৬৯২; সুনান বাইহাকী: ৪/১৮৬; মুসনাদুশ শিহাব: ১১২; মাজমা‘উয যাওয়াইদ: ৩/১৩১।

হাদীসটিকে আল্লামা শু‘আইব আল আরনাঊত রহিমাহুল্লাহ মুসলিমের শর্তে সহীহ বলেছেন। আল্লামা নাসির উদ্দিন আলবানী রহিমাহুল্লাহ হাদীসটিকে সহীহ বলেছেন। (আস সহীহাহ: ২১৫২।)

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ হাদিসবিডি  বর্ণনাকারীঃ মাহমূদ ইবনুর-রাবী (রাঃ)

Link — https://www.hadithbd.com/hadith/link/?id=89007

হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন